

2020

BENGALI

(Major)

Paper : 6.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) বীররসের স্থায়ীভাবের নাম কী?

(খ) ‘কাব্যং গ্রাহ্যমলংকারাৎ’—এটি কার উক্তি—বামনাচার্যের
না অভিনবগুপ্তের?

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(গ) “শব্দার্থের জ্ঞান থাকলেই ধ্বনির জ্ঞান হয়।”

(মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ লেখো)

(ঘ) ভার্জিল রচিত মহাকাব্যের নাম কী?

(ঙ) ‘ডেকামেরণ’ কার রচনা?

- (চ) রবীন্দ্রনাথের লেখা 'ঘাটের কথা' গল্পটির রচনাকাল লেখো।
- (ছ) যে বীণায়ন্ত্রের সাহায্যে প্রাচীন গ্রিসে লিরিক গান পরিবেশিত হত তার নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) দণ্ডী ও বাণভট্ট রচিত দুটি গ্রন্থের নাম লেখো।
- (খ) 'এবংবাদিনি দেবর্ষৌ পার্শ্বে পিতুরধোমুখী' শ্লোকটির রচয়িতা কে? এটি তাঁর কোন গ্রন্থে আছে?
- (গ) মহিলা গীতিকবি সাফো কোন দেশের অধিবাসী ছিলেন? তিনি কোন ইংরেজ গীতিকবিকে অনুসরণ করে ওড জাতীয় কবিতা রচনা করেছিলেন?
- (ঘ) ইউরোপ-আমেরিকার প্রধান গল্প লেখকদের মধ্যে যে কোনো দুজনের নাম লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) : $৫ \times ৩ = ১৫$

- (ক) বিভাব কত প্রকার ও কী কী? উদাহরণসহ এদের সংজ্ঞা নির্দেশ করো।
- (খ) উদাহরণসহ বাচ্যার্থ এবং লক্ষণার্থের মধ্যে পার্থক্য নির্ণয় করো।
- (গ) গুণীভূত ব্যঙ্গকাব্য কোনগুলো? উদাহরণ দিয়ে বোঝাও।
- (ঘ) মন্ময় প্রবন্ধ সম্বন্ধে একটি নাতীর্ঘ আলোচনা প্রস্তুত করো।
- (ঙ) টীকা লেখো : সারস্বত মহাকাব্য অথবা আখ্যায়িকা।

৪। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে সর্বমোট তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

ক—গুচ্ছ

- (ক) 'বিভাবানুভাবব্যভিচারিসংযোগাৎ রসনিষ্পত্তি :— আলংকারিকের এই উক্তি অনুসরণে স্থায়ীভাবে রস-পরিণতি কীভাবে হয় তা আলোচনা করো।
- (খ) "কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়—সহৃদয় কাব্যপাঠকের মন।" উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) রস ও কাব্যের জগতকে অলৌকিক মায়ার জগত বলা হয়েছে কেন, এ সম্পর্কে তোমার অভিমত যুক্তিসহ আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ঘ) উপন্যাস ও ছোটগল্পের মধ্যে পার্থক্য নির্দেশ করো।
- (ঙ) গীতিকবিতার সংজ্ঞা নির্দেশ করে তার বিচিত্র শাখা-প্রশাখা সম্পর্কে আলোচনা করো।
- (চ) ব্যালাডের সংজ্ঞা নির্দেশ করে দেশী ও বিদেশী ব্যালাডের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরো।
